কিতাবুত্‌ তাহ্‌রীদ্‌
(২)
মুস‘আব ইলদিরিম

কিতাবুত্ তাহ্রীদ 'আলাল ক্বিতাল

পর্ব ২:

তাওহীদ
ও
জিহাদ

بسم الله الرحمن الرحيم

কিতাবুত্ তাহ্রীদ্ 'আলাল ক্বিতাল

দ্বিতীয় পর্ব: তাওহীদ ও জিহাদ

সূচিপত্র

একটি দুর্দান্ত উক্তি

মিসরের প্রসিদ্ধ আলেম, 'তাফসীর ফী যিলালিল কুরআন'- এর লেখক সাইয়্যেদ কুতুব শহীদ (রহ.) যখন মিশরে 'লা ইলাহা ইল্লাল্লাহ্'র মর্মকথা তুলে ধরলেন, বিশেষ করে 'মাআ'লিম ফিত্ তরিক্ব' বা 'ইসলামী সমাজ বিপ্লবের ধারা' নামক বইটি লিখলেন তখন মিশরের যুবকদের মধ্যে ব্যাপক সাড়া পড়ে। তারা আবার নতুন করে ঈমানী বলে বলীয়ান হয়ে ওঠে। এক পর্যায়ে মিশর সরকার তাকে গ্রেফতার করে। শেষ পর্যন্ত তাঁর ফাঁসির হুকুম হয়। ফাঁসির রায় কার্যকর হওয়ার পূর্বে কোন এক সময় একজন আলেম তাঁর সাথে সাক্ষাত করেন। সাইয়্যেদ কুতুব (রহ.) তার আগমনের উদ্দেশ্য সম্পর্কে জানতে চাইলেন। ইমাম সাহেব বললেন, 'আপনার তো কিছুক্ষণ পরে ফাঁসি কার্যকর হবে। আর আমার দায়িত্ব হলো যে সকল মুসলিম বন্দিদের ফাঁসি দেওয়া হয় তাদেরকে তওবা করানো এবং কালেমাতুশ শাহাদাত পাঠ করানো।'

সাইয়্যেদ কুতুব (রহ.) আশ্চর্য হয়ে জিজ্ঞাসা করলেন, আপনি কালেমাতুশ শাহাদাত পাঠ করান? বলুনতো আপনার কালেমায়ে শাহাদাতটা কী? ইমাম সাহেব বললেন, 'আশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান 'আব্দুহু ওয়া রাসূলুহু।' সাইয়্যেদ কুতুব (রহ.) বললেন, "আশ্চর্য কথা! এই কালেমার কথা বলার জন্যই তো আমার ফাঁসি হচ্ছে। যেই কালেমার কথা বলার অপরাধে আমার ফাঁসি হচ্ছে, সেই একই কালেমা পড়ানোর বিনিময়ে সরকার তোমাকে পয়সা দিচ্ছে। যেই কালেমা বলার অপরাধে সরকার আমার জীবনাবসান করছে, ঐ একই সরকার

তোমাকে ঐ কালেমা পড়াবার জন্য জীবিকা দিচ্ছে। বুঝা গেল তোমার কালেমা আর আমার কালেমা এক নয়। ”

সুব্হানাল্লাহ!! কী দুর্দান্ত উক্তি! কী ভয়ংকর কথা!! আমার কালিমা তোমার কালিমা এক নয়!!!

প্রিয় ভাই! কখনো ভেবেছেন কি এভাবে?? আমার কালেমাটা আসলে কেমন? আমার কালেমার যে অর্থ আমি নিয়েছি, আমি কালেমাটাকে যেভাবে বুঝেছি, সেটা কি ঠিক আছে? সেটা কার সাথে মিলে? সেটা কি প্রিয় রাসূলের ﷺ কালেমার সাথে মিলে? সেটা কি হযরত আবু বকর, উমর, উসমান আর আলী রাদিয়াল্লাহু আনহুম আযমাইনদের সাথে সামঞ্জস্যপূর্ণ? নাকি আমি মনগড়া একটি অর্থ দাঁড় করিয়েছি?

সাইয়্যেদ কুতুব (রহ.) তাঁর এই উক্তি “তোমার কালেমা আর আমার কালেমা এক নয়।”- এর দ্বারা আর কী বুঝে আসে চলুন সেগুলো নিয়ে আলোচনা করা যাক, তাহলেই বুঝে আসবে ইনশাআল্লাহ- আমি আসলে কোন্ কালেমার অনুসারী!

“তোমার কালেমা আর আমার কালেমা এক নয়।”-কথাটির অর্থ আর কী কী হতে পারে?:

১. তোমার কালেমা তাগুতের পয়সা খাওয়ায়, আমার কালেমা তাগুতের ফাঁসিতে ঝুলায়। তাই তোমার কালেমা আর আমার কালেমা এক নয়।
২. তোমার কালেমা 'লা ইলাহা ইল্লাল্লাহ্' তাগুতের সংবিধান 'সকল ক্ষমতার মালিক জনগণ' এর সাথে সাংঘর্ষিক নয়। আমার কালেমা শিখায় সকল ক্ষমতার মালিক একমাত্র আল্লাহ, জনগণ নয়।

৩. তোমার কালেমা তাগুতের সংবিধানে লিখিত 'দেশের সংবিধান সর্বোচ্চ আইন; অন্যান্য আইনের যতখানি ঐ সংবিধানের সঙ্গে অসামঞ্জস্যশীল ঐ আইনের ততখানি বাতিল' এর সাথে সাংঘর্ষিক নয়। আমার কালেমা আমাকে শিখায় আল্লাহ্‌র কুরআনই সর্বোচ্চ আইন। মানবরচিত অন্যান্য যত আইন-বিচার রয়েছে তার যতখানি ঐ কুরআনের সাথে সাংঘর্ষিক ততখানি বাতিল।

৪. তোমার কালেমা তোমাকে কেবল আসমানের উপরের কথা আর যমীনের নিচের আলোচনা করতে শিখায়। যমিনের উপরে খিলাফত প্রতিষ্ঠা করা, ব্যাংকে, আদালতে, সংসদে, ব্যবসা বাণিজ্যে আল্লাহর বিধান কায়েম করতে শিখায় না। আমার কালেমা আমাকে জীবনের সকল ক্ষেত্রে দ্বীনকে বিজয়ী করতে শিখায়।

৫. তোমার কালেমা তোমাকে ধর্মকে রাজনীতি থেকে আলাদা করে 'রাজনীতি নিরপেক্ষ ধর্ম' পালন করতে শিখায়। আমার কালেমা আমাকে রাসূল ﷺ এর পদ্ধতিতে রাজনীতি করতে শিখায়। আমাকে আরও শিখায় 'ধর্ম নিরপেক্ষ রাজনীতি' যেমন একটি কুফুরী মতবাদ তেমনিভাবে 'রাজনীতি নিরপেক্ষ ধর্ম'ও একটি কুফুরী মতবাদ।

৬. তোমার কালেমা তোমাকে জিহাদ বিমুখ বানায়। আর আমার কালেমা আমাকে দাওয়াত, হিজরত, জিহাদ ও ক্বিতাল- সবই শিখায়।

৭. তোমার কালেমা তোমাকে কাফের-মুশরিক ও মুরতাদ-মুনাফিকদের থেকে আল-বারাআহ্ (সম্পর্ক ছিন্ন করা) করতে শিখায় না। আর আমার কালেমা আমাকে মুমিনদের সঙ্গে আল-ওয়ালা (বন্ধুত্ব) এবং আল্লাহদ্রোহী কাফের-মুশরিক, মুরতাদ-মুনাফিক ও সকল প্রকার তাগুত থেকে আল-বারাআহ্ করতে শিখায়।

৮. তোমার কালেমা মুমিন (মুজাহিদ)-দেরকে অপছন্দ করতে শিখায় আর কাফেরদের প্রতি কোমলহৃদয় বানায়। পক্ষান্তরে আমার কালেমা কুফ্ফারদের প্রতি কঠোর ও মুমিন/মুজাহিদদের প্রতি রহমদীল বানায়।

৯. তোমার কালেমার দাওয়াত প্রচার করতে ইয়াহুদী-খৃষ্টান, হিন্দু-বৌদ্ধ কারো কোনো বাধা নেই। বরং তাদের দেশেও তোমার কালেমার প্রচার-প্রসারের জন্য আনন্দের সঙ্গে ভিসা দেয়। আর আমার কালেমার আওয়াজ শুনলেই তাদের শরীরে চুলকানি শুরু হয়ে যায়। তাদের দেশে যেতে দেয়া তো দূরে থাক, পারলে আমার দেশে এসে আমাকে হত্যা করে দিয়ে যায়।

১০. তোমার কালেমার সভা-সেমিনারে তাগুতেরা সর্বশক্তি প্রয়োগ করে সাহায্য-সহযোগিতা করে থাকে। তোমাদের নিরাপত্তার ব্যবস্থা করে থাকে। তারা দল বেধে তোমার কাছে দুআ চাইতে আসে। আর আমার ক্ষেত্রে? তাগুতেরা সর্বশক্তি ব্যায় করে আমাকে খোঁজে পাওয়ার জন্য, আমাকে ধরা কিংবা শহীদ করার জন্যে।

১১. তোমার কালেমার কারণে বাতিল তোমাকে 'হুযুর হুযুর' করে, আর আমার কালেমার কারণে বাতিল আমাকে মৌলবাদী, সন্ত্রাসী ও জঙ্গী ট্যাগ লাগায়।

১২. তোমার কালেমার বদৌলতে তোমাকে হোয়াইট হাউসে দাওয়াত দিয়ে কোরমা-পোলাও খাওয়ানো হয়, আর আমার কালেমার কারণে হোয়াইট হাউস হতে আমার মাথার মূল্য নির্ধারণ করা হয়।

১৩. তোমার কালেমা তোমাকে শাহবাগ চত্বরে নাস্তিকদের স্টেজে নিয়ে যায় আর আমার কালেমা শাপলা চত্বরে আমার বুকের রক্ত ঝরায়।

১৪. যখন আল্লাহ ও তাঁর রাসূল ﷺ-কে নিয়ে কটুক্তি করা হয়, তখন তোমার কালেমা তোমাকে তাগুতের কাছে বিচার প্রার্থী বানায়। আর আমার কালেমা খোদার দুশমনদের জাহান্নামে পাঠাতে শিখায়।

১৫. তোমার কালেমা তোমাকে তথাকথিত শান্তি(?)প্রিয়, সুবিধাবাদী আর তাগুতের সুবিধাভোগী পা-চাটা গোলাম বানায়। অন্যদিকে আমার কালেমা তাগুত বিরোধী, তাগুত রাষ্ট্রে দেশদ্রোহী, মরণজয়ী মুজাহিদ বানায়।

অতএব, বুঝা গেল, তোমার কালেমা আর আমার কালেমা এক নয়। তোমার কালেমার অর্থ আল্লাহ্‌র রাসূলের ﷺ কালেমার সাথে মিলে না। মিলে আমারটার সাথে। কেননা এই কালেমার কথা বলার কারণেই তাঁর উপর ধেয়ে এল সব বিপদ-আপদ আর ঝড়-ঝাপটা। এই কালেমার কথা বলার জন্য কতই না কষ্ট সহ্য করেছেন তিনি। বরং তাঁকে যত কষ্ট দেয়া হয়েছে, তত কষ্ট অন্য কোনো নবী রাসূলকেও দেয়া হয়নি।

তুমি কি দেখনি, মক্কার কুরাইশরা তাঁকে গালমন্দ করেছে, অপবাদ দিয়েছে, রক্তাক্ত করেছে, তাঁর উপর উটের ভুঁড়ি নিক্ষেপ করেছে?

তায়েফে কি দেখনি, তাঁকে কিভাবে ক্ষত-বিক্ষত করা হয়েছে প্রস্তারাঘাতে? তাঁর দু'পা রক্তাক্ত হয়ে তাঁর জুতো রক্তে পূর্ণ হয়ে গেল।

তুমি কি দেখনি, পাথরের আঘাতে তিনি কিভাবে পড়ে যাচ্ছিলেন, আর দুর্বৃত্তরা তাকে উঠিয়ে পুনরায় পাথর নিক্ষেপ করছিল, তবুও তিনি বলে যাচ্ছিলেন "প্রভু হে! ক্ষমা করো আমার জাতিকে, ওরা যে বুঝে না"?

আর ওহুদের যুদ্ধে? আহ! কুফ্ফারদের আঘাতে তাঁর ডান দিকের নীচের দাঁত মোবারক ভেঙ্গে যায়, নীচের ঠোঁট আহত হয়। কপালে জখম হয়। তাঁর শিরস্ত্রাণের দুটো অংশ ভেঙ্গে তাঁর চোয়ালের ভেতরে ঢুকে যায়। অতঃপর মুসলমানদেরকে তাদের অজান্তে ফেলে মারার জন্য কুফ্ফাররা যে গর্ত খুড়ে রেখেছিল, তার একটিতে পড়ে যান তিনি। দ্বীনের এই কালিমার প্রচারের জন্য তাঁর মতো কষ্ট ও ত্যাগ কে স্বীকার করেছে?

তুমি কি তাঁর সীরাত পাঠ করনি? এই কালেমার জন্যই তিনি প্রত্যক্ষভাবে ২৭ টি যুদ্ধ (গাযওয়া) করেছেন, আর পরোক্ষভাবে ৪৬ টি সারিয়্যা (অভিযান) পরিচালনা করেছেন।

সুতরাং, সব কথার শেষ কথা-"ওহে ভাই! তোমার কালেমা আর আমার কালেমা এক নয়। তোমার কালেমা আর রাসূলের কালেমাও এক নয়। বরং রাসূলের কালেমা ও আমার কালিমা এক ও অভিন্ন। রাসূলের মানহাজই আমার মানহাজ। তাই ভাই, দুনিয়া ও আখিরাতে প্রকৃত সফলতা ও মুক্তি পেতে রাসূলের কালিমাকে রাসূলের মতো করে বুঝার চেষ্টা করো, সেই কালেমাকে নিজের মাঝে ধারণ করো, কালিমার সেই খুনরাঙা পথে চলা শুরু করো, সেই কালিমা প্রতিষ্ঠার প্রচেষ্টায় নিজেকে নিয়োজিত করো, সেই কালেমার জন্যই নিজের জান-মাল-সময় সব কুরবানী করার চেষ্টা করো।"

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের সকলকে তাওফীক দান করুন। আমীন।

আমার কালেমার অর্থ

তাহলে, ভাই! আপনি কি জানতে চান আমার কালেমার অর্থটা কী? তাহলে জেনে নিন-

তাওহীদের কালেমা চারটি অংশে বিভক্ত, যথা:

কালেমার প্রথম অংশ: 'লা ইলাহা'

কালেমার দ্বিতীয় অংশ: 'ইল্লাল্লাহু'

কালেমার তৃতীয় অংশ: 'মুহাম্মাদ'

কালেমার চতুর্থ অংশ: 'রাসূলুল্লাহ'

- **কালেমার প্রথম অংশ: 'লা ইলাহা'র অর্থ:**

আমার কালেমা আমাকে শিখায়- আল্লাহ্ তা'আলার উপর ঈমান আনার আগে প্রথমে আল্লাহ্ ব্যতীত সকল মা'বুদ/উপাস্য তথা ইলাহ্গুলোকে পরিত্যাগ করতে হবে। শরীয়তের ভাষায় এই ইলাহ্দেরকে 'তাগুত'

বলে। [সূরা বাকারা ২:২৫৬-২৫৭; সূরা নিসা ৪:৫১,৬০,৭৬; সূরা মায়েদা ৫:৬০; সূরা নাহ্ল ১৬:৩৬; সূরা যুমার ৩৯:১৭]

"তাগুতের" আরেকটি সংজ্ঞা হল- যাদের কারণে বান্দা ইবাদত, আনুগত্য, অনুসরণ কিংবা ভালোবাসার ক্ষেত্রে সীমালজ্ঘন করে তাদেরকে 'তাগুত' বলা হয়। আল্লাহ্র উপর ঈমান আনার (ঈমান বিল্লাহ অর্থাৎ 'ইল্লাল্লাহ'র ঘোষণা দেয়ার) জন্য সর্বপ্রথম কাজ হল কুফর বিত্-তাগুত ('লা ইলাহা'র ঘোষণা দেয়া অর্থাৎ তাগুতকে অস্বীকার/পরিহার করা)।

এখন প্রশ্ন হল, কারা এই তাগুত??

আল্লাহ ব্যতীত যত কিছুর ইবাদত করা হয়, তার সবই তাগুত বলে আমরা বিশ্বাস করি। তাগুত বিভিন্ন প্রকারের হতে পারে। যেমন:

১. শয়তান [সূরা নিসা ৪:১১৯; সূরা ফাতির ৩৫:৬; সূরা ইউসূফ ১২:৫২; সূরা বাকারা ২:১৬৮-১৬৯]
২. আল্লাহ্র আইনের বিরুদ্ধে আইন প্রণয়নকারী সম্প্রদায় (যেমন: তাগুত রাষ্ট্রের প্রধানমন্ত্রী, প্রেসিডেন্ট, এমপি, মন্ত্রী, ও অন্যান্য জনপ্রতিনিধিবৃন্দ) [সূরা মায়েদা ৫:৫০; সূরা নিসা ৪:৬০]
৩. আল্লাহ্র নাযিলকৃত বিধানের বিরুদ্ধে বিচারকার্য সম্পাদনকারী সম্প্রদায় (যেমন: তাগুত রাষ্ট্রের জজ, ব্যরিস্টার, উকিল ইত্যাদি) [সূরা মায়েদা ৫:৪৪; সূরা নিসা ৪:৬৫]
৪. ইসলামের বিরুদ্ধে বল প্রয়োগকারী সম্প্রদায় (যেমন: তাগুত রাষ্ট্রের সশস্ত্র বাহিনী- সেনা, নৌ, বিমান বাহিনী, পুলিশ, র‍্যাব, বিজিবি, কারারক্ষী ইত্যাদি) [সূরা নিসা ৪:৭৬]
৫. গায়েবের ইলম দাবীকারী।

৬. আল্লাহ ব্যতীত যাদের ইবাদত করা হয় এবং সে ঐ ইবাদতে সন্তুষ্ট থাকে। ইত্যাদি।

প্রিয় ভাই! এ সবই তাগুত, এদেরকে অস্বীকার ও পরিত্যাগ (কুফর বিত-তাগুত) না করে আল্লাহর উপর ঈমান (ঈমান বিল্লাহ), ঈমান হিসেবে সাব্যস্ত হয় না এবং তা দ্বারা মুসলমান হওয়া যায় না।

আর যারা তাগুতের সহযোগী হবে, কুরআনের ভাষায় এরা হল "আউলিয়াআশ্ শাইত্বন" বা শয়তানের ওলী-আউলিয়া তথা শয়তানের বন্ধু বা চ্যালা-প্যালা।

আল্লাহ্ পাকের ইরশাদ-

فَقَٰتِلُوٓاْ أَوۡلِيَآءَ ٱلشَّيۡطَٰنِۖ إِنَّ كَيۡدَ ٱلشَّيۡطَٰنِ كَانَ ضَعِيفًا ٧٦

"অতএব, তোমরা শয়তানের বন্ধুদের সাথে যুদ্ধ করতে থাক, (দেখবে,) শয়তানের চক্রান্ত একান্তই দুর্বল।" (৪ সূরা নিসা: ৭৬)

শয়তানকে মানুষ ইলাহ বানিয়ে পূঁজা করে এটা তো স্পষ্ট। প্রশ্ন হলো- **উপরে বর্ণিত বাকী তাগুতগুলো কিভাবে 'ইলাহ' হয়??? এদেরকে কেন বর্জন করতে হবে?**

عن عدي بن حاتم قال: أتيت رسول الله صلى الله عليه وسلم وفي عنقي صليب، فقال: يا عدي اطرح هذا الوثن من عنقك فطرحته فانتهيت إليه وهو يقرأ في سورة براءة اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله فقلت إنا لسنا نعبدهم قال النبي صلى الله عليه وسلم يحرمون

ما أحل الله فتحرمون ويحلون ما حرم الله فتستحلون قلت بلى قال فتلك عبادتهم.

আদী ইবনে হাতেম রাযি. (ইসলাম গ্রহণের পূর্বে তিনি খ্রিস্টান ছিলেন) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ ﷺ-এর নিকট এলাম। তখন আমার গলায় একটি ক্রুশ ঝুলছিল। তিনি বললেন, হে আদী! এই মূর্তিটি তোমার গলা থেকে ছুঁড়ে ফেল। আমি তা ছুঁড়ে ফেললাম। অতঃপর রাসূলুল্লাহ ﷺ-এর নিকটে গেলাম। দেখলাম, তিনি সূরা বারাআ’র (সূরা তাওবা) এই আয়াত তিলাওয়াত করছেন:

اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله

‘তারা আল্লাহ্‌কে ছেড়ে নিজেদের পাদ্রী ও সংসারবিরাগীদেরকে প্রভু বানিয়ে নিয়েছে’। (সূরা তাওবাহ ০৯:৩১)

আমি আরজ করলাম, আমরা তো তাদের ইবাদত করতাম না। রাসূলুল্লাহ ﷺ বললেন, আল্লাহ তা‘আলা যা হালাল করেছেন, তারা তা হারাম করতো আর তোমরাও তা হারাম মানতে এবং আল্লাহ তা‘আলা যা হারাম করেছেন, তারা তা হালাল করতো আর তোমরাও তাকে হালাল মেনে নিতে। আমি উত্তর দিলাম- হ্যাঁ, এমনটি তো হয়েছে। তিনি বললেন, এটিইতো তাদেরকে ইবাদত করা। (আত্ তারিখুল কাবির লিল ইমামিল বুখারি: ৭ম খণ্ড, ৪৭১ নং হাদীস, সুনানুত্ তিরমিজি: ৫০৯৩)

প্রিয় ভাই!

যারা আল্লাহ্‌র বিধানের মোকাবেলায় বিধান রচনা করে, আল্লাহ্ তা‘আলার কৃত হালালকে হারাম করে আর হারামকৃতকে হালাল করে, এরা প্রকৃতপক্ষে নিজেদেরকে ‘বিধানদাতা’র (আল্ হাকীম) আসনে নিজেকে সমাসীন করলো, যা আল্লাহ্ তাআলার একটি গুণ ও বৈশিষ্ট্য, যা কেবল

আল্লাহ্ রাব্বুল 'আলামীনের জন্যই খাস। তাই এরা নিজেরা মুশরিক এবং এদেরকে যারা মেনে নিবে, এদেরকে যারা সমর্থন করবে, এদেরকে সহযোগিতা করবে, এদেরকে নিরাপত্তা দিবে, এদের পক্ষে বল প্রয়োগ করবে, এদেরকে ভালোবাসবে, এদের বানানো বিধানে যারা বিচারকার্য পরিচালনা করবে, এদের কাছে যারা বিচার প্রার্থনা করবে, এদেরকে প্রশংসা করবে, এদের বানানো বিধান বাস্তবায়নের মাঝে যারা দেশ ও জাতির সফলতা খোঁজে পাবে, এরা সকলেই আল্লাহ্র সাথে শির্ক ও কুফরী করল।

আল্লাহ্ তা'আলার উপর ঈমান তথা তাওহীদের উপর বিশ্বাস করার পূর্বে নিচের কাজগুলো করতে হবে (এই কাজগুলোকে 'কুফর বিত্ তাগুত' বলে-

১. এ সকল তাগুতের ইবাদত, আনুগত্য, অনুসরণ ও ভালবাসাকে কুফরী ও বাতিল বলে জানা;
২. তাদের ইবাদত, আনুগত্য, অনুসরণ ও ভালোবাসা পরিত্যাগ করা; (সূরা মুমতাহিনা ৬০:৪)
৩. এদের সাথে আল বারাআহ্ (সম্পর্ক ছিন্ন) করতে হবে, এসকল ইলাহ্/তাগুতদেরকে পরিত্যাগ করতে হবে, (সূরা মুমতাহিনা ৬০:৪)
৪. এদেরকে মন ভরে ঘৃণা করতে হবে (সূরা মুমতাহিনা ৬০:৪)
৫. এদের প্রতি পরিপূর্ণরূপে শত্রুতা এবং বিদ্বেষ পোষণ করতে হবে (সূরা মুমতাহিনা ৬০:৪)
৬. এদের প্রতি কঠোর হতে হবে (সূরা তাহরীম ৬৬: ৯;সূরা ফাত্হ ৪৮:২৯)
৭. এদেরকে আল্লাহ্র দুশমন মনে করতে হবে (সূরা মুমতাহিনা ৬০:৪)

৮. এদের সাথে নিজের জানের দুশমনের মত ব্যবহার করতে হবে (সূরা মুমতাহিনা ৬০:৪),

৯. এদেরকে পরিপূর্ণরূপে বয়কট করতে হবে (সূরা বাকারা ২:২৫৬-২৫৭;সূরা নাহ্‌ল ১৬:৩৬)

১০. এদের সভা-সেমিনারে যোগদান করা যাবে না,

১১. এদের কোনো হাদিয়া-তোহফা নেয়া যাবে না,

১২. এদেরকে হারামখোর জ্ঞান করতে হবে, এদের উপার্জন হারাম

১৩. এদেরকে সৃষ্টির সবচেয়ে নিকৃষ্ট কুলাঙ্গার মনে করতে হবে (সূরা বায়্যিনাহ ১০০:৬),

১৪. এদেরকে মুক, বধির ও অন্ধ জানতে হবে (সূরা বাকারা ২:১৮),

১৫. এরা চতুষ্পদ জানোয়ারের ন্যায়, বরং এর চেয়েও নিকৃষ্ট (সূরা আল আনআম ৭:১৭৯),

১৬. এদেরকে দুনিয়া থেকে মিটানোর আগ পর্যন্ত জিহাদ করে যেতে হবে (সূরা বাকারা ২:১৯৩,সূরা আল আনফাল ৮:৩৯)

১৭. এদেরকে "কাফেরের গোষ্ঠী" (দলগতভাবে কাফের) জ্ঞান করতে হবে। (ফলে, 'এলায়ে কালিমাতুল্লাহ' তথা আল্লাহর কালেমা বুলন্দ করার জন্য কাফেরদের মত এদের বিরুদ্ধেও যুদ্ধ করা হবে।) (সূরা মায়েদা ৫:৪৪)

তাগুতকে এভাবে পরিত্যাগ বা অস্বীকার করা ব্যতীত যথাযথভাবে 'কুফর বিত-তাগুত' (তাগুতকে অস্বীকার ও পরিত্যাগ) সাব্যস্ত হয় না। এর সবই পবিত্র কুরআন ও সুন্নাহ দ্বারা প্রমাণিত।

এভাবে যে এদের সাথে আল-বারাআহ্ করতে পারবে সেই প্রকৃতপক্ষে 'লা ইলাহা' বলল। সেই আসলে বলল, আল্লাহ্‌র আগে-পরে আর কাউকে 'ইলাহ্' হিসেবে গ্রহণ করিনি।

কোন ব্যক্তি আল্লাহ্‌র উপর ঈমান আনার পর নামায, রোযা, হজ্জ, যাকাত আদায় করা, কিংবা তা'লীম-তরবীয়ত, দাওয়াত, তাযকিয়া ইত্যাদির মেহনত করার পরও এই সকল ইলাহ্‌ বা তাগুতকে পরিষ্কার করে (উপরোল্লিখিত ভাবে) পরিত্যাগ করতে হবে। এভাবে তাগুতকে বর্জন না করলে প্রকৃতপক্ষে "লা ইলাহা" বলা হলো না।

অর্থাৎ, আমার কালেমার প্রথম কথা হল, "আল্লাহ্‌র উপর ঈমান আনার জন্য এই সকল তাগুতকে পরিহার করার নামই হল 'লা ইলাহা'"।

এক্ষেত্রে আমাদের জন্য উত্তম আদর্শ হল আমাদের পিতা হযরত ইবরাহীম (আ.)।

আল্লাহ্‌ পাক ইরশাদ করেন-

قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِيٓ إِبْرَٰهِيمَ وَٱلَّذِينَ مَعَهُۥٓ إِذْ قَالُوا۟ لِقَوْمِهِمْ إِنَّا بُرَءَٰٓؤُا۟ مِنكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِن دُونِ ٱللَّهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ ٱلْعَدَٰوَةُ وَٱلْبَغْضَآءُ أَبَدًا حَتَّىٰ تُؤْمِنُوا۟ بِٱللَّهِ وَحْدَهُۥٓ

"তোমাদের জন্যে ইবরাহীম ও তাঁর সঙ্গীদের মাঝে উত্তম আদর্শ আছে। তারা তাদের সম্প্রদায়কে বলেছিল: তোমাদের সাথে এবং তোমরা আল্লাহকে বাদ দিয়ে যার ইবাদত কর, তার সাথে আমাদের কোনো সম্পর্ক নেই। আমরা তোমাদেরকে মানিনা। তোমরা এক আল্লাহ্‌র প্রতি বিশ্বাস স্থাপন না করলে তোমাদের মাঝে ও আমাদের মাঝে চিরশত্রুতা থাকবে।"

(সূরা মুমতাহিনা ৬০:৪)

• কালেমার দ্বিতীয় অংশ: 'ইল্লাল্লাহু'র অর্থ

আমার কালেমার দ্বিতীয় কথা হল, উপরোল্লিখিত উপায়ে সকল মিথ্যা ইলাহ বা তাগুতকে অস্বীকার করার পর একজন মুসলিম 'ইল্লাল্লাহু' বলার উপযুক্ত হয়। এই 'ইল্লাল্লাহ'ই হচ্ছে তাওহীদ (একত্ববাদ)।

তাওহীদ চার প্রকার-

১. তাওহীদে রুবুবিয়্যাহ্ (توحيد الربوبية): (রব' শব্দ হতে রুবুবিয়্যাহ) আল্লাহ্ পাককে সৃষ্টিকর্তা, পালনকর্তা, রিযিকদাতা এবং একমাত্র বিধানদাতা হিসেবে বিশ্বাস করা। এই চার গুণ যার মধ্যে বিদ্যমান তিনিই আমাদের আল্লাহ্; আমাদের মহান প্রতিপালক।

২. তাওহীদে উলুহিয়্যাহ/তাওহীদে 'ইবাদাহ (التوحيد في /توحيد الألوهية العبادة): ('ইলাহ্' শব্দ হতে উলুহিয়্যাহ) একমাত্র আল্লাহ্ তা'আলাই বান্দার ইবাদত পাওয়ার যোগ্য-একথা মেনে নেয়া এবং আল্লাহ্ পাকের সকল প্রকার বিধি-নিষেধ কেবল তাঁর জন্যই খাসভাবে করা (অন্য কোনো তাগুত/উপাস্যের ইবাদত ও আনুগত্য না করা)।

৩. তাওহীদে আস্‌মা (নাম) ওয়াস্ সিফাত (গুণ) (توحيد الأسماء والصفات): আল্লাহ্ পাকের গুণবাচক যে সকল নাম বিদ্যমান রয়েছে, সেগুলো একমাত্র আল্লাহ্‌র জন্যই খাস- একথাকে বিশ্বাস করা।

৪. তাওহীদে হাকামিয়্যাহ্ (توحيد الحاكمية): ('হুকুমত/হাকীম' শব্দ হতে হাকামিয়্যাহ) এটি মূলত 'তাওহীদে রুবুবিয়্যাহ্'র অন্তর্ভূক্ত। তবে গুরুত্বের বিচারে এটিকে আলাদা করা হয়েছে। 'তাওহীদে

হাকামিয়্যাহ'র অর্থ হচ্ছে- আমাদের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, **রাষ্ট্রীয়** এবং আন্তর্জাতিক সকল প্রকারের বিধান দেয়ার অধিকার একমাত্র এবং কেবলমাত্র আল্লাহ সুব্হানাহু ওয়া তা'আলার।

প্রিয় ভাই! তাওহীদে রুবুবিয়্যাহ তথা আল্লাহ্ সৃষ্টি করেন, আল্লাহ খাওয়ান, আল্লাহ্ পালেন- এই কথাগুলোর উপর মক্কার কুরাইশদেরও ঈমান ছিল। তথাপি আল্লাহ্র রাসূল ﷺ এদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন। বুঝা গেল, শুধুমাত্র তাওহীদের রুবুবিয়্যাহ্র উপর ঈমান আনাই যথেষ্ট নয়। মক্কার কাফেরদের তাওহীদে রুবুবিয়্যাহ্- এর উপর বিশ্বাস ছিল ঠিকই, কিন্তু তারা তাওহীদে উলুহিয়্যাহ/ইবাদাহ এবং তাওহীদের হাকামিয়্যাহকে মেনে নেয়নি। তাই এরা মুশরিক এবং কাফের সাব্যস্ত হয়েছিল।

বর্তমান যামানায় তাওহীদে রুবুবিয়্যাহ, তাওহীদে উলুহিয়্যাহ এবং তাওহীদে আসমা ওয়াস সিফাতকে মেনে নিবে কিন্তু তাওহীদে হাকামিয়্যাহ্-কে মানবে না, কিংবা কার্যক্ষেত্রে সে মানবরচিত বিধানকে প্রাধান্য দিবে, কিংবা মেনে নিবে, সেও মক্কার কাফেরদের ন্যায় মুশরিক ও কাফের হয়ে যাবে। (নাউযুবিল্লাহি মিন্ যালিক)

আশাকরি, এতক্ষণের আলোচনা হতে এই বিষয়টি পরিষ্কার যে, আল্লাহ্র প্রতি ঈমান আনার পূর্বে তাগুতকে অস্বীকার করতে হবে। অতঃপর আল্লাহ্র উপর ঈমান আনতে হবে অর্থাৎ চার প্রকারের তাওহীদকেই পরিপূর্ণরূপে গ্রহণ করতে হবে। যেমন আল্লাহ্ পাক ইরশাদ করেন-

فَمَن يَكۡفُرۡ بِٱلطَّٰغُوتِ وَيُؤۡمِنۢ بِٱللَّهِ فَقَدِ ٱسۡتَمۡسَكَ بِٱلۡعُرۡوَةِ ٱلۡوُثۡقَىٰ لَا ٱنفِصَامَ لَهَاۗ وَٱللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ٢٥٦

"যে তাগুতকে অস্বীকার করল ('লা ইলাহা'র উপর আমল করল) এবং আল্লাহ্‌র উপর ঈমান আনল ('ইল্লাল্লাহ্' এর চারটি তাওহীদকে গ্রহণ করল), সে এমন এক মজবুত হাতল ধারণ করল যা কখনো ভাঙ্গবার নয়। আর আল্লাহ সবকিছু শুনেন এবং জানেন।" (সূরা বাকারাহ ২: ২৫৬)

প্রিয় ভাই! 'আল্লাহ্‌র উপর ঈমান' নিচের ছয়টি কাজের দ্বারা পরিপূর্ণ হয়। যথা:-

১. তাগুতকে অস্বীকার/বর্জন করা
২. চার প্রকারের তাওহীদকে গ্রহণ করা
৩. সকল প্রকারের ইবাদত-বন্দেগী একমাত্র আল্লাহ্‌র জন্যই করা।
৪. আল্লাহ্ তা'আলাকে সকল কিছুর চেয়ে বেশি ভালোবাসা।
৫. আল্লাহ্‌র জন্য বন্ধুত্ব করা (আল-ওয়ালা) এবং
৬. আল্লাহ্‌র জন্যই শত্রুতা করা (আল-বারাআহ্)।

• কালেমার তৃতীয় অংশ: 'মুহাম্মাদ' এর অর্থ:

আমার কালেমার তৃতীয় কথা হচ্ছে, ব্যক্তি হযরত মুহাম্মাদ ﷺ-কে সবচেয়ে বেশি, এমনকি নিজের জীবনের চেয়েও বেশি ভালোবাসা। প্রিয় নবীজী ﷺ ইরশাদ করেন,

لا يُؤْمِنُ أحدُكم حَتّٰى أَكُونَ أَحَبَّ إِلَيْهِ مِنْ وَّلَدِهِ، وَوَالِدِهِ، وَالنَّاسِ أَجْمَعِيْنَ

"তোমাদের কেউ ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ না আমি তার কাছে তার পুত্র, তার পিতা এবং অপরাপর সকল মানুষের চেয়ে বেশি প্রিয় হব।" (বুখারী ও মুসলিম)

আল্লাহ্ ও তাঁর রাসূলকে জীবনের চেয়ে বেশি ভালোবাসার অর্থই হচ্ছে, আল্লাহ্ ও তাঁর রাসূলের জন্য নিজের জীবন দিতে সদাপ্রস্তুত থাকা। কেননা, আল্লাহ ও তাঁর রাসূলকে নিজের জীবনের চেয়েও বেশি মহব্বত করব, কিন্তু জিহাদ করে নিজের জীবন দিতে পারবো না, তাহলে এটি একটি মিথ্যা ও হাস্যকর দাবী। কেননা, নিজের জীবনের চেয়ে বেশি ভালোবাসার দাবীই হল, যখন জীবন চাওয়া হবে, সেটা জিহাদের ময়দানেই হোক কিংবা অন্য যে কোনো তাকাজাতেই হোক, সাথে সাথে জীবন দিতে প্রস্তুত হয়ে যাওয়া।

• কালেমার চতুর্থ অংশ: 'রাসূলুল্লাহ' এর অর্থ

আমার কালেমার চতুর্থ কথা হচ্ছে, একথা বিশ্বাস করা যে, হযরত মুহাম্মাদ ﷺ- আল্লাহ্‌র বান্দা ও সর্বশেষ রাসূল। আমাদের যিন্দেগীর প্রতিটি কাজে,

সকল ক্ষেত্রে নবীজি ﷺ-কে পরিপূর্ণরূপে আনুগত্য প্রদর্শন করা ও সুন্নাহ্র অনুসরণ করা।

আল্লাহ্ তা‘আলা আমাদেরকে কালেমার সঠিক অর্থ বুঝবার এবং তদনুযায়ী আমল করবার তাওফীক দান করুন। আমীন।

সকাল বেলার মু‘মিন রে তুই, কাফির সন্ধ্যা বেলা:

عن أبي هريرة رضي الله عنه قال : إن رسول الله صلى الله عليه وسلم قال: بادروا بالأعمال فتنا كقطع الليل المظلم، يصبح الرجل فيها مؤمنا ويمسي كافرا، أو يمسي مؤمنا ويصبح كافرا، يبيع دينه بعرض من الدنيا.(مسلم،ج:١ ص:١١٠ ، صحيح ابن حبان، ج:١٥ ص:٩٦)

রাসূলুল্লাহ্ ﷺ ইরশাদ করেন-

“ফেতনাসমূহ প্রকাশ হওয়ার পূর্বেই যা নেক আমল করার, দ্রুত করে ফেল! কেননা, ফেতনাসমূহ অন্ধকার রাত্রির অংশের মত (কালো) হবে (মানুষ বুঝতেই পারবে না যে সে ফেতনায় পতিত হচ্ছে)। ঐ ফেতনার সময় মানুষ সকালে মুমিন থাকবে, সন্ধায় কাফের হয়ে যাবে। অথবা সন্ধায় মুমিন থাকবে, সকালে কাফের হয়ে যাবে। দুনিয়ার তুচ্ছ লাভের আশায় স্বীয় দ্বীনকে বিক্রি করে দিবে।” (সহীহ মুসলিম, সহীহ ইবনে হিব্বান)

عن أنس بن مالك رضي الله عنه قال : قال رسول الله صلى الله عليه وسلم : يأتي على الناس زمان، الصابر فيها على دينه كالقابض على

الجمر. قال أبو عيسى هذا حديث غريب من هذا الوجه. وصححه الألباني (سنن الترمذي: ج:٤ ص:٥٢٦)

"মানুষের উপর এমন একটা সময় আসবে যখন দ্বীনের উপর অটল থাকা হাতে জ্বলন্ত অঙ্গার নিয়ে দাঁড়িয়ে থাকার মত কঠিন হয়ে যাবে।" (তিরমিযি)

প্রিয় ভাই!

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা বর্তমান যামানাই সেই যামানা যখন একজন মানুষ সকাল করছে ঈমানদার হিসেবে, আর বিকালেই কাফের হয়ে যাচ্ছে। কিংবা সন্ধ্যায় মুসলমান আর সকালেই কাফের হয়ে যাচ্ছে; কিন্তু সে বুঝতেই পারছে না। কেননা, সে তো সকাল সন্ধ্যা নিয়মিত পাঁচ ওয়াক্ত সালাত আদায় করছে, সিয়াম পালন করছে। সকাল-সন্ধ্যা তাসবীহ-তাহলীল আদায় করছে। প্রশ্ন হচ্ছে, তাহলে কিভাবে সে কাফের হয়ে গেল?

অনেকে মনে করেন, বর্তমান যামানায় রাস্তা-ঘাটে বের হওয়া যায় না, চারদিকে কেবল নারীর ফেতনা। তাই ঈমান ধরে রাখা হাতে জ্বলন্ত অঙ্গার রাখার চেয়েও কঠিন। কিন্তু ভাই! নারীর ফেতনায় নিজেকে নিয়ন্ত্রণ করতে না পারা খুব বেশি থেকে বেশি 'ফিস্‌ক্' এর গুনাহ্ (গুনাহে কবীরা) হবে, এটা তো আর কুফর নয়। তাহলে? মানুষ কিভাবে খুব সহজেই ঈমান হারা হয়ে যাচ্ছে?

একটা বিষয় আমাদের স্পষ্ট হওয়া দরকার। পূর্বের যামানায় একজন মানুষকে মুশরিক বা মুরতাদ হওয়ার জন্য ইসলাম ত্যাগের ঘোষণা দিতে হত বা মূর্তির সামনে সিজদা দিতে হত, কিংবা কোনো ফরযকে অস্বীকার

করতে হত। কিন্তু বর্তমান যামানার ফিতনাগুলো এতটাই ভয়াবহ এবং নিকষ কালো আঁধারের ন্যায় যে, একজন মানুষকে মূর্তির সামনে সিজদা করা ব্যতিরেকেই কিংবা মৌখিক ঘোষণা দেয়া ছাড়াই বে-ঈমান, কাফের কিংবা মুশরিক ও মুরতাদ বানিয়ে দেয়। বর্তমান জামানার ফেতনাগুলো কখনোই আমাদেরকে বলবে না যে, তুমি ব্যক্তিগত পর্যায়ে দ্বীনকে অনুসরণ করো না, বরং কখনো কখনো এমন দ্বীনদারিকে উৎসাহিতও করবে; এসকল ফেতনা আমাদেরকে কেবল এতটুকু বলবে, ধর্মকে রাষ্ট্র থেকে পৃথক করে দাও, ধর্ম যার যার রাষ্ট্র সবার। রাষ্ট্র চলবে মানবরচিত বিধানে, আর যার যার ধর্ম সে সে পালন করবে। ব্যস! কাফের হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট।

ধরা যাক! একজন মানুষ যদি রাষ্ট্রের সংবিধানের ধর্মনিরপেক্ষতাবাদ (যা একটি সুস্পষ্ট নাস্তিক্যবাদী মতবাদ এটা)-কে মেনে নেয়, বা যদি মনে করে এতে কোন সমস্যা নেই, বা মনে করে, সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য এটিই বেশি উপযোগী ইত্যাদি; তবে তার ঈমান চলে যাবে, যদিও সে সালাত-সিয়াম-হজ্জ-যাকাত-দান-সাদাকা-দাওয়াত-তাযকিয়া ইত্যাদি আমলগুলো খুব জোরদার বা মজবুতির সাথে করে থাকে।

এরপর আরোও ধরা যাক 'গণতন্ত্রের' কথা! কোনো মানুষ যদি এমনটি মনে করে যে, মানুষের আইনপ্রণয়নের ক্ষমতা আছে বা মানুষ নিজেই নিজের রাষ্ট্রীয় আইন প্রণয়নের অধিকার রাখে বা জনগণই সকল ক্ষমতার উৎস, সে যদি জাতীয় পর্যায়ের নির্বাচনে অংশ নেয় (হয়ত নিজে এমপি পদের জন্য প্রার্থী হয় বা এমপিদেরকে ভোট দেয়), তার এই আকীদা ও আমল-ই তার ঈমানকে 'নাই' বানিয়ে দেয়ার জন্য যথেষ্ট, যদিও সে

সালাত-সিয়াম-হজ্জ-যাকাত-দান-সাদাকা-দাওয়াত-তাযকিয়া ইত্যাদি আমলগুলো খুব জোরদার, মজবুতি বা ইস্তিকামাতের সাথে করে থাকে।

এছাড়াও ঈমান ভঙ্গের আরো সুস্পষ্ট কিছু কারণ আছে, যেগুলো কারো মধ্যে পাওয়া গেলে সে কাফের হয়ে যাবে, যদিও সে বাহ্যিক সুরতে 'লেবাসধারী' দ্বীনদার হয়ে থাকে। ঈমান ভঙ্গের কারণগুলো হল-

১. **আল্লাহ্‌র সাথে শিরক করা:** [সূরা নিসা ৪:৪৮; সূরা মায়িদাহ্ ৫:৭২; সূরা যুমার ৩৯:৬৫; সূরা লোক্বমান ৩১:১৩]

২. **আল্লাহ্ ও বান্দার মধ্যে মাধ্যম সাব্যস্ত করা:** [সূরা যুমার ৩৯:৩]

যেমন কেউ যদি মনে করে যে, আল্লাহ্‌র কাছে কিছু পেতে হলে পীর ধরতে হবে, পীর-ই আল্লাহ্‌র দরবারে আমাকে কবুল করাবে, অতঃপর আমার মনের বাসনা পূর্ণ হবে, আমার পীর পরকালে আমাকে জান্নাতে নিয়ে যাবে। এই আকীদা শিরক্ ও কুফর।

৩. **কোন কাফেরকে কাফের মনে না করা।** [সূরা নিসা ৪:৫১]

যেমন: ইয়াহুদী-খ্রিস্টান, হিন্দু-বৌদ্ধ বা এরকম অন্য কোনো কাফেরে আছলিকে কাফের মনে না করা বা তাদের ধর্মকে ভ্রান্ত মনে না করা কিংবা ভ্রান্তির ব্যাপারে সন্দেহ-সংশয় রাখা।

বি.দ্র: আমরা "যে ব্যক্তি কাফেরকে কাফের মনে করে না, সে নিজেই কাফের" কথাটাকে শুধুমাত্র তাকফিরুন নসের ক্ষেত্রে (অর্থাৎ যেসব ব্যক্তি বা জাতি-গোষ্ঠীকে কোরআন সুন্নাহ সুস্পষ্ট কাফের আখ্যায়িত করেছে- তাদের ক্ষেত্রে) প্রযোজ্য মনে করি। এই কথাকে খারেজীদের মতো তাকফিরুল ইজতিহাদের ক্ষেত্রে প্রযোজ্য মনে করি না। যেমন- বাংলাদেশের শাসকগোষ্ঠীকে আমরা মুরতাদ মনে করলেও কোন মুসলমান ইলমের স্বল্পতার কারণে কিংবা ভুল ব্যাখ্যার কারণে এদেশের

শাসকগোষ্ঠীকে মুরতাদ মনে না করলে, আমরা সেই ব্যক্তিকে কাফের মনে করি না- যেমনটা নব্য খাওয়ারেজরা করে থাকে।

৪. মুসলিমদের বিরুদ্ধে কাফেরদের সাহায্য করা। [সূরা মায়িদাহ্ ৫:৫১]

যেমন: জাতিসংঘ 'পিস্ (শান্তি?) মিশনে' গিয়ে তাগুত সেনাবাহিনী মুজাহিদদের বিরুদ্ধে যখন যুদ্ধে অবতীর্ণ হয়, তখন তারা দলীয়ভাবে মুরতাদ হয়ে যায়।

৫. দ্বীনের কোনো বিষয়কে মন থেকে ঘৃণা করা। [সূরা মুহাম্মাদ ৪৭:৮-৯]

যদিও কোনো ব্যক্তি নিজে সে ঐ আমলগুলো করে। যেমন: পর্দাপ্রথাকে অপছন্দ করা, জিহাদকে অপছন্দ করার দ্বারা একজন কাফের হয়ে যাবে, যদিও সে অন্যান্য আমল একশতে একশ করে থাকে।

৬. দ্বীনের কোনো বিষয় নিয়ে ঠাট্টা বিদ্রুপ করা। [সূরা তাওবাহ্ ৯:৬৫-৬৬]

যেমন পর্দাকে 'তাবু'র সাথে তুলনা করে কটাক্ষ করা, মুজাহিদ ভাইদেরকে 'জঙ্গী' বলে গালি দেয়া ইত্যাদি কুফুরী।

৭. যাদু করা, যাদু শেখা। [সূরা বাকারা ২:১০২]

৮. আল্লাহ্র বিধানের উপর মানবরচিত বিধানকে প্রাধান্য দেয়া। ইসলামী শরীয়তকে পরিপূর্ণ মনে না করা, এর মধ্যে কিছু যোগ-বিয়োগ করার সুযোগ আছে মনে করা। কিংবা, ইসলামী শরীয়তের কোনো বিধান থেকে অন্য কোনো দ্বীন, আদর্শ বা বিধানকে উত্তম, যুক্তিযুক্ত বা অধিক পরিপূর্ণ মনে করা। [সূরা মায়িদাহ্ ৫:৪৪,৫০]

যেমন: গণতন্ত্র/সমাজতন্ত্র/ধর্মনিরপেক্ষতাবাদ-কে রাষ্ট্র পরিচালনার পদ্ধতি হিসেবে গ্রহণ করা। নির্বাচনে অংশ নেয়া। জাতীয়তাবাদ/মুক্তচিন্তা/অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী হওয়া। এসকল তন্ত্র-মন্ত্রগুলোর মধ্যে জাতির মুক্তি নিহিত-এরূপ ধারণা করা। মানবরচিত

আইনে বিচার কার্য পরিচালনা করা। এই সকল লোকদের বা এই সিস্টেমের পক্ষে সমর্থন করা, দলের পক্ষে দাওয়াত দেয়া, অস্ত্র ধারণ করা, এদেরকে নিরাপত্তা দেয়া, এদেরকে অনুসরণ করা, জনশক্তি বা অর্থ দিয়ে সহযোগিতা করা, এদেরকে ভোট দেয়া, এসব মতবাদ প্রতিষ্ঠার জন্য জীবন দেওয়া ইত্যাদি সবই কুফুরী।

৯. ভালোবাসার ক্ষেত্রে আল্লাহ্‌ ও তাঁর রাসূলের উপর অন্য কাউকে প্রাধান্য দেয়া। [সূরা তাওবাহ্ ৯:২৪]

১০. দ্বীন থেকে পরিপূর্ণরূপে গাফেল বা বিমুখ থাকা। [সূরা আ‘রাফ ৭:১৭৯]
অর্থাৎ ঈমানদার হওয়ার জন্য আবশ্যকীয় বিষয়গুলোও না জানা, না শিখা কিংবা গ্রহণ না করা। যেমন- জন্মসূত্রে মুসলিম কোন ব্যক্তির পিতা-মাতা কোন দিন তাকে ঈমান-ইসলাম শিখায়নি, সে নিজেও তা শিখেনি।

[বি.দ্রঃ কুফুরী কর্ম সম্পাদনকারী আর ‘কাফের’ এককথা নয়। একজনের মাঝে কুফরের আলামত পাওয়া গেলেই তাকে সাথে সাথে তাকফীর করা (কাফের ঘোষণা দেয়া) যায় না। সুনির্দিষ্ট কোনো ব্যক্তির উপর **কুফর ও ইরতিদাদের হুকুম** আরোপ করার জন্য শরীয়তে অনেক শর্ত আছে; অনেক ক্ষেত্রেই অজ্ঞতা (الجهل), তাবীল (التأويل) ইত্যাদির মত موانع التكفير তথা তাকফীরের প্রতিবন্ধক বিষয়গুলো লক্ষ্যনীয়। যেমন, কোন কোন আলেমের ভুল ইজতেহাদ ও অগ্রহণযোগ্য ফতোয়ার কারণে অনেকে ইসলামের নামে নাপাক গণতন্ত্রের খপ্পরে

পড়েছে। এ সমস্ত ‘ইসলামী গণতান্ত্রিকদেরকে’ তাদের তাবিলের (নুসুসের ভুল ব্যাখ্যা বুঝা, ভুল প্রয়োগ করা বা বাস্তবতার ব্যাপারে অজ্ঞতা- যা তাকফীরের প্রতিবন্ধক) কারণে গণতান্ত্রিক ব্যবস্থার কুফরীতে জড়িত হবার পরও আমরা তাদেরকে তাকফীর করি না। কিন্তু আমরা তাদেরকে ভুল পথের পথিক মনে করি এবং তাদের কাজকে হারাম মনে করি। গণতন্ত্রের ধোঁকা ও প্রতারণা তাদেরকে বুঝাতে চেষ্টা করি। সঠিক পথে ফিরিয়ে এনে তাদের বিপ্লবী চেতনাকে ইসলামী পন্থা ও জিহাদের পথে কাজে লাগানোর চেষ্টা করি। এমনিভাবে, নির্বাচনে অংশগ্রহণকারী/ভোটদাতা সকলকে আমরা ঢালাওভাবে কাফের ঘোষণা করি না- যেমনটা নব্য খাওয়ারেজদের অনেকে করে থাকে। কারণ অধিকাংশ ভোটদাতাই গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণের হুকুম সম্পর্কে অজ্ঞ। এজন্য সংসদীয় নির্বাচনে ভোট দেয়া কুফরী কাজ হওয়া সত্ত্বেও আমরা সাধারণভাবে ভোটদাতা সকলকে তাকফীর করি না।

সুতরাং কাউকে কাফির ঘোষণার ক্ষেত্রে **হক্কানী উলামায়ে কেরামই** কেবল ফয়সালা দেয়ার অধিকার রাখেন। সাধারণ মুসলমানদের জন্য আবশ্যক হল- হুটহাট করে কাউকে তাকফীর করা হতে বিরত থাকা, উলামায়ে কেরামের আনুগত্য করা এবং ঈমান বিধ্বংসী কর্মসমূহকে বুঝে ও চিনে তা থেকে বিরত থাকা।]

উপরে বর্ণিত দশটি পয়েন্টকে ‘নাওয়াক্বিযুল ঈমান’ (نواقض الأيمان) তথা ঈমান ভঙ্গকারী কর্ম বলা হয়। এগুলো কুফরে আকবার (বড় কুফর) বা কুফরে বাওয়াহ্ (সুস্পষ্ট কুফর)। এগুলোর যে কোন একটিতে লিপ্ত হলে ব্যক্তির ঈমান নষ্ট হয়ে যায়; সে ইসলামের গণ্ডি হতে বের হয়ে যায়।

"কোন ব্যক্তি ততক্ষণ পর্যন্ত কাফের হবে না, যতক্ষণ না সে তার অন্তর দিয়ে অস্বীকার করে"- এই কথাটি নব-উদ্ভাবিত একটি বিদআত।

যুগের মুরজিয়া ও জাহ্মিয়া ফেরকার আকীদা থেকে আমরা নিজেদেরকে মুক্ত ঘোষণা করছি, যারা বিশ্বাস করে- "কুফর শুধু অন্তর দিয়ে প্রত্যাখ্যান ও মিথ্যা প্রতিপন্ন করার মাঝেই সীমাবদ্ধ; অন্তরে আকীদা-বিশ্বাস দুরস্ত থাকলে কথা-কাজের দ্বারা কখনও কাফের হয় না।"

আমরা বলি, আহলুস-সুন্নাহ ওয়াল জামাতের মতে এমন কিছু কথা ও কাজ আছে, তা যদি কোন মুসলিম বলে বা করে, তাহলে সে কথা ও কাজ তাকে ইসলামের গন্ডি থেকে বের করে দেয়- যদিও তার অন্তরে পরিপূর্ণ ঈমান বিদ্যমান থাকে। যেমনঃ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-কে নিয়ে কটূক্তি করা, শরীয়তের কোন বিধান নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করা ইত্যাদি।

তাছাড়া, তাকফীরের ক্ষেত্রে আমরা খারেজীদের মাযহাবকেও প্রত্যাখ্যান করি, যারা কবীরা গুনাহের কারণে মুসলিমদেরকে তাকফীর করে। কোন মুসলমানকে আমরা কবীরা গুনাহের কারণে তাকফীর করি না, যতক্ষণ না সে গুনাহ্‌টিকে হালাল সাব্যস্ত করে অথবা তার থেকে ঈমান ভঙ্গের অন্য কোনো কারণ প্রকাশ পায়।

বরং, তাকফীরের ক্ষেত্রে আমরা চরমপন্থা (إفراط) ও শিথীলতা (تفريط) উভয়টিকে পরিত্যাগ করে মধ্যমপন্থা অবলম্বন করি।

প্রিয় ভাই! আশাকরি, আমরা এতক্ষণে বুঝে গিয়েছি, কেমন করে ব্যাপকভাবে কুফুরি আকীদা ও কর্মকাণ্ড আমাদের সমাজে দাবানলের ন্যায় ছড়িয়ে পড়েছে। আমাদের নিজেদের এবং চারপাশের লোকগুলোর দিকে তাকালেই আমরা প্রিয় নবীজী ﷺ এর হাদীসের মর্ম ও সত্যতা ভালোভাবে বুঝতে পারব। সত্যিই, বর্তমান যামানাই সেই যামানা যখন ঈমান ধরে রাখা হাতে জ্বলন্ত অঙ্গার ধরে রাখার চেয়েও কঠিন হয়ে গিয়েছে।

আল্লাহ্ পাক আমাদের সকলের ঈমানকে হেফাযত করুন। আমীন।

[বি.দ্রঃ আক্বীদার বিষয়গুলো আরো স্পষ্ট করে বুঝার জন্য আমাদের নিম্নের কিতাবগুলি ভালোভাবে অধ্যয়ন করা উচিত।

কিতাবের লিংক: (অবশ্যই Tor Browser দিয়ে সার্চ করুন:)

১. তাওহীদের কালিমা-শাইখ হারেস আন নায্যারী রহ.:
https://archive.org/details/20220820_20220820_1135

২. নেদায়ে তাওহীদ-শাইখ আবু উমার আল মুহাজির:
https://archive.org/details/20220820_20220820_1139

৩. তাকফীরের ব্যাপারে সতর্ক হোন- শাইখ আবু হামজা আল মিশরী:
https://archive.org/details/20220827_20220827_0234

অথবা নিচের QR Code-টি স্ক্যান করে অবশ্যই Tor Browser দিয়ে সার্চ করুন:

তাওহীদের কালিমা

নেদায়ে তাওহীদ

তাকফীরের ব্যাপারে সতর্ক হোন

ঈমান আনার পর প্রথম ফরয

শহীদ ড. আব্দুল্লাহ আযযাম রাহিমাহুল্লাহ তাঁর লিখিত "মুসলিম ভূমির প্রতিরক্ষা" কিতাবে লিখেন, "ঈমান আনার পর প্রথম ফরয হচ্ছে, মুসলিমদের ভূমিকে প্রতিরক্ষা করা। যদি মুসলিমদের ভূমির এক বিঘত পরিমাণের জায়গাও কুফ্ফাররা দখল করে নেয়, তখন প্রত্যেক মুসলিম নর ও নারীর উপর জিহাদ ফরযে আইন হয়ে যায় (সবার উপর ফরয হয়ে যায়)। ঐ মুহূর্তে জিহাদে বের হওয়ার জন্য পিতা-মাতার কাছ থেকে তার সন্তানের অনুমতি নেয়ার প্রয়োজন হয় না এবং স্বামীর কাছ থেকে তার স্ত্রীরও অনুমতি নেয়ার প্রয়োজন পড়ে না।"

["মুসলিম ভূমির প্রতিরক্ষা" কিতারের লিংক:

(অবশ্যই Tor Browser দিয়ে সার্চ করুন:)

https://archive.org/details/20220820_20220820_1144

অথবা, পাশের QR Code-টি স্ক্যান করে অবশ্যই Tor Browser দিয়ে সার্চ করুন।]

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যা রাহিমাহুল্লাহ বলেন,

فالعدو الصائل الذي يفسد الدين والدنيا لا شيء أوجب بعد الإيمان من دفعه،

"যে আগ্রাসী শক্তি মুসলমানদের দ্বীন-দুনিয়া ধ্বংস করে, ঈমানের পর তাকে প্রতিরোধের চেয়ে গুরুতর ফরয দ্বিতীয় আরেকটি নেই।" (ফাতাওয়া আল কুবরা, খ. ৪, পৃ. ৬০৮)

ঠিক এজন্যই আল্লাহ্ সুব্হানাহু ওয়া তা'আলা আল্লাহ্ ও তাঁর রাসূলকে ভালবাসার সাথে সাথে জিহাদকে সবচেয়ে বেশি ভালোবাসার কথা বলেছেন।

যেমন: আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন,

قُلْ إِن كَانَ ءَابَآؤُكُمْ وَأَبْنَآؤُكُمْ وَإِخْوَٰنُكُمْ وَأَزْوَٰجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَٰلٌ ٱقْتَرَفْتُمُوهَا وَتِجَٰرَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَٰكِنُ تَرْضَوْنَهَآ أَحَبَّ إِلَيْكُم مِّنَ ٱللَّهِ وَرَسُولِهِۦ وَجِهَادٍ فِى سَبِيلِهِۦ فَتَرَبَّصُوا۟ حَتَّىٰ يَأْتِىَ ٱللَّهُ بِأَمْرِهِۦ ۗ وَٱللَّهُ لَا يَهْدِى ٱلْقَوْمَ ٱلْفَٰسِقِينَ ٢٤

"বল, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন সম্পদ, তোমাদের ব্যবসা যা (ক্ষতি বা) বন্ধ হয়ে যাওয়ার ভয় কর, এবং তোমাদের বাসস্থান যাকে তোমরা পছন্দ কর- আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লাহ্‌র বিধান আসা পর্যন্ত (দেখ, তোমাদের পরিণতি কি হতে যাচ্ছে), আর আল্লাহ তা'আলা ফাসেক সম্প্রদায়কে হেদায়েত করেন না।" (০৯ সূরা তাওবাহ: ২৪)

জিহাদ একটি ফরয আমল:

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

كُتِبَ عَلَيْكُمُ ٱلْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ ۖ وَعَسَىٰٓ أَن تَكْرَهُوا۟ شَيْـًٔا وَهُوَ خَيْرٌ لَّكُمْ ۖ وَعَسَىٰٓ أَن تُحِبُّوا۟ شَيْـًٔا وَهُوَ شَرٌّ لَّكُمْ ۗ وَٱللَّهُ يَعْلَمُ وَأَنتُمْ لَا تَعْلَمُونَ ٢١٦

"তোমাদের উপর যুদ্ধ **ফরয** করা হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়। হতে পারে একটা বিষয় তোমাদের কাছে পছন্দসই নয়, অথচ তা তোমাদের জন্য কল্যাণকর। আর হয়তো বা কোনো একটি বিষয় তোমাদের কাছে পছন্দীয়, অথচ তোমাদের জন্য তা অকল্যাণকর। বস্তুতঃ আল্লাহ তা'আলাই জানেন, তোমরা জান না।" (২ সূরা বাকারা: ২১৬)

✓ আল্লাহ তা'আলা আরো ইরশাদ করেন,

وَقَـٰتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ ٱلدِّينُ كُلُّهُۥ لِلَّهِ ۚ

"আর তোমরা তাদের সাথে ততক্ষণ পর্যন্ত লড়াই করতে থাকো, যে পর্যন্ত না (পৃথিবীর সকল) ফেতনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন পুরোপুরিভাবে প্রতিষ্ঠিত হয়ে যায়।" (৮ সূরা আনফাল: ৩৯)

যতদিন পর্যন্ত পৃথিবীতে একজন কাফেরও অবশিষ্ট থাকবে, কিংবা এক বিঘত ভূমিও ইসলামী শাসনের বাহিরে থাকবে, ততদিন পর্যন্ত পৃথিবীতে ফেতনা অবশিষ্ট থাকবে, যার কারণে কেয়ামত পর্যন্ত জিহাদ একটি ফরয হুকুম হিসেবে অবশিষ্ট থাকবে।

জিহাদের মূল লক্ষ্য হল:-

১. তাওহীদের পতাকা সমুন্নত করা, কুফরের পতাকা অবনত করা।
২. পৃথিবীতে আল্লাহ্ তা'আলার তাওহীদ প্রতিষ্ঠিত করা।
৩. ইসলামি খিলাফাহ্ 'আলা-মিনহাজিন্ নুবুওয়্যাহ ফিরিয়ে এনে আল্লাহর বিধান বাস্তবায়ন করা।

মুসলিম সাম্রাজ্যের বা খিলাফতের কোন নির্দিষ্ট বর্ডার বা সীমানা নেই, সবটাই ফ্রন্টলাইন বা যুদ্ধক্ষেত্র। ততদিন পর্যন্ত জিহাদ চলবে যতদিন পর্যন্ত পৃথিবীর এক ইঞ্চি মাটিও আল্লাহ তা'আলার বিধান প্রতিষ্ঠা থেকে খালি থাকবে এবং একজন মানুষও আল্লাহর দ্বীনের আওতার বহির্ভূত থাকবে। কোন ইনসাফকারীর ইনসাফ অথবা কোনো জালিমের জুলুম এই জিহাদকে বন্ধ করতে পারবে না। কেয়ামত পর্যন্ত সর্বদাই একটি হক্ব জামাত হক্বের উপর জিহাদ চালিয়ে যাবে।

জিহাদের প্রকারভেদ

শাইখুল ইসলাম হযরত মাওলানা শাব্বীর আহমদ উসমানী রাহিমাহুল্লাহ বলেন, দুই কারণে কাফেরদের সাথে যুদ্ধ করা তোমাদের উপর ফরয-
ক. আল্লাহর দ্বীনকে বুলন্দ করা। (ইক্বদামী বা আক্রমনাত্মক বা Offensive জিহাদ)
খ. কাফেরদের হাতে নির্যাতিত মুসলমানদের মুক্ত করা। (দেফায়ী বা প্রতিরক্ষামূলক বা আত্মরক্ষামূলক বা প্রতিরোধমূলক বা Defensive জিহাদ) (তাফসীরে উসমানী, পৃ. ২৪৪)

জিহাদ কখন ফরযে কিফায়া?

প্রিয় ভাই! সহজভাবে বুঝার চেষ্টা করি-

যখন পৃথিবীতে ইসলামী খিলাফাহ্ কায়েম থাকে এবং সাধারণভাবে মুসলিম সাম্রাজ্যের ভিতরে এবং বাহিরে মুসলমানদের শান্তি ও নিরাপত্তা বিরাজ করে তখন জিহাদ ফরযে কিফায়া থাকে, অর্থাৎ উম্মতের কিছু মানুষ জিহাদ করলে সকলের পক্ষে জিহাদ আদায় হয়ে যায়।

এমতাবস্থায় মুসলিম জাহানের যিনি খলীফা, তিনি আল্লাহর দ্বীন কায়েমের জন্য পার্শ্ববর্তী কোনো কুফর রাষ্ট্রে অভিযান পরিচালনা করবেন। এ জিহাদের মাধ্যমে কোনো কুফর রাষ্ট্রকে প্রথমে ইসলামের দাওয়াত দেয়া হয়, তা কবুল না করলে ‘জিযিয়া কর’ দাবী করা হয়, যদি এতে তারা সম্মত হয় তবে তাদের নিরাপত্তার ভার মুসলিমদের হাতে। মুসলমানরা নিজের রক্ত দিয়ে সেসকল অমুসলিমদের জান ও মালের হেফাযত করবে, বহিঃশত্রু থেকে তাদের রক্ষা করবে। আর কোনো অমুসলিম সম্প্রদায় কর দিতে সম্মত না হলে তরবারি (তথা যুদ্ধ) দ্বারা ফয়সালা করা হয়, যারা তরবারি দ্বারা মুজাহিদদের পথ রোধ করবে সেসব সৈন্যদেরকে হত্যা বা বন্দী করা হয়, তাদের নারীদেরকে দাসী-বাঁদী বানানো হয়। সেই ভূমি জয় করে তাতে আল্লাহর বিধান/আইন প্রতিষ্ঠা করা হয়, আর সামর্থ্যবান অমুসলিমদের কাছ থেকে কর আদায় করা হয়।

আল্লাহ পাক ইরশাদ করেন-

قَٰتِلُواْ ٱلَّذِينَ لَا يُؤۡمِنُونَ بِٱللَّهِ وَلَا بِٱلۡيَوۡمِ ٱلۡأٓخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ ٱللَّهُ وَرَسُولُهُۥ وَلَا يَدِينُونَ دِينَ ٱلۡحَقِّ مِنَ ٱلَّذِينَ أُوتُواْ ٱلۡكِتَٰبَ حَتَّىٰ يُعۡطُواْ

ٱلۡجِزۡيَةَ عَن يَدٖ وَهُمۡ صَٰغِرُونَ ٢٩

"তোমরা যুদ্ধ কর আহলে কিতাবের ঐ সকল লোকদের সাথে, যারা আল্লাহ ও পরকালে ঈমান রাখে না, আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করে না এবং গ্রহণ করে না সত্য ধর্ম, যতক্ষণ না করজোড়ে তারা জিযিয়া প্রদান করে।" (০৯ সূরা তাওবাহ: ২৯)

প্রিয় ভাই! যেহেতু এই যুদ্ধটি আগে বেড়ে আক্রমণ করা হয়, তাই এটি হলো ইক্বদামী বা আক্রমনাত্মক (Offensive) বা "আল্লাহর দ্বীনকে বুলন্দ করা"র জিহাদ। এই জিহাদ ফরযে কিফায়া। অর্থাৎ কিছু মুসলমান এই দায়িত্ব আঞ্জাম দিলেই সকলের পক্ষ থেকে জিহাদের ফরযিয়াত (বাধ্যবাধকতা) আদায় হয়ে যাবে।

ইক্বদামী যুদ্ধের জন্য শর্তসমূহ

এই জিহাদের জন্য কিছু শর্ত আছে, যেমন-

১. মুসলমান হওয়া।

২. বুদ্ধিমান হওয়া।

৩. বালেগ/প্রাপ্তবয়স্ক হওয়া।

৪. জিহাদের ব্যয়-ভার বহনে সক্ষম হওয়া।

৫. শারীরিকভাবে সক্ষম হওয়া।

৬. জিহাদ ফরযে কিফায়া অবস্থায় পিতা-মাতার অনুমতি অপরিহার্য।

৭. পিতা-মাতা না থাকলে দাদা-দাদীর অনুমতির প্রয়োজন হবে।

৮. ঋণী ব্যক্তিকে তার ঋণদাতার কাছ থেকে অনুমতি নিতে হবে।

৯. মহিলাদের জন্য তার স্বামীর অনুমতি লাগবে। ইত্যাদি।

জিহাদ কখন ফরযে আইন হয়?

নিম্নের তিনটি ক্ষেত্রে জিহাদ ফরযে আইন হয়ে যায়। যথা-

প্রথম ক্ষেত্র, খলীফা যখন কোনো অমুসলিম/তাগুত রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন আর সাধারণভাবে সক্ষম সকলকে/নির্দিষ্ট লোকদেরকে যুদ্ধে অংশগ্রহনের আহ্বান জানান, তখন সক্ষম সকলের উপর/নির্দিষ্ট ঐসকল লোকদের উপর জিহাদে/যুদ্ধে অংশগ্রহণ করা ফরযে আইন হয়ে যায়।

দ্বিতীয় ক্ষেত্র, যখন মুসলমানদের একটি দল কুফ্ফারদের সম্মুখীন হয় (যদিও তা ইক্বদামী হোক না কেন) তখন ঐ দলের উপর জিহাদ করা ফরযে আইন হয়ে যায়।

তৃতীয় ক্ষেত্র (দেফায়ী বা প্রতিরক্ষামূলক বা প্রতিরোধমূলক বা Defensive জিহাদ)**:**

পৃথিবীর বুকে ইসলামী খিলাফাহ থাক বা না থাক, মুসলমানদের আমীর থাক বা না থাক, এমতাবস্থায়-

১. যদি আগ্রাসী কোনো বাহিনী মুসলিম ভূমির দিকে কেবল অগ্রসর হয়,
২. যদি কোনো কাফের বাহিনী মুসলমানদের সীমানায় তাঁবু স্থাপন করে,
৩. কোন কাফের বাহিনী মুসলমানদের উপর হামলা করে বসে,
৪. মুসলিম ভূমির এক বিগত মাটিও যদি কুফ্ফাররা দখল করে নেয়,
৫. যদি পৃথিবীর কোথাও কোন একজন মুসলিমও কুফ্ফার কর্তৃক বন্দী হয়, ঐ মুসলমানকে উদ্ধার না করা পর্যন্ত জিহাদ করতে সক্ষম প্রতিটি মুসলমানের উপর ফরযে আইন হয়ে যায়।

উপর্যুক্ত ক্ষেত্রবিশেষগুলোতে জিহাদ ফরযে আইন হওয়ার বিষয়টি সকল মাযহাবেই স্বীকৃত, এই ব্যাপারে কোনো মাযহাবের ইমাম, সালাফ কিংবা খালাফ, নির্ভরযোগ্য উলামায়ে কেরাম, কারো কোনো দ্বিমত নেই।

দেখুন-

ফিক্‌হে হানাফীঃ

১. আল্লামা জাস্‌সাস (রহঃ) এর ফতওয়া: (আহকামুল কুরআন, খণ্ড:৪, পৃষ্ঠা:৩১২)

২. আল্লামা ইবনে আবেদীন আশ-শামী (রহঃ) এর ফতওয়া: (হাশিয়ায়ে ইবনে আবেদীন, খণ্ড:৩, পৃষ্ঠা:২৩৮)

৩. আল্লামা আবূ বকর আল-কাসানী (রহঃ) এর ফতওয়া: (বাদায়েউস সনায়ে, খণ্ড:১৫, পৃষ্ঠা:২৭১)

৪. আল্লামা ইবনু নুজাইম আল-মিসরী (রহঃ) এর ফতওয়া: (আল বাহরুর রায়েক, খণ্ড:১৩, পৃষ্ঠা:২৮৯, ২৯০)

৫. আল্লামা ইবনুল হুমাম (রহঃ) এর ফতওয়া: (ফাতহুল কাদীর, অধ্যায়: কিতাবুস সিয়ার, খণ্ড:১২, পৃষ্ঠা:৩৪৮)

৬. আল্লামা মূসিলী (রহঃ) এর ফতওয়া: (কিতাবুল ইখতিয়ার, খণ্ড:১, পৃষ্ঠা:৪৬৯)

৭. ইমাম যা‘লায়ী (রহঃ) এর ফতওয়া: (তাবয়ীনুল হাকায়েক, খণ্ড:৯, পৃষ্ঠা:২৬৬)

ফিক্‌হে শাফি‘ঈঃ

১. আল্লামা রমালী (রহঃ) এর ফতওয়া: (নেহায়েতুল মুহতাজ, খণ্ড:৮, পৃষ্ঠা:৫৮)

২. ইমামুল হারামাইন (রহঃ) এর ফতওয়া: (গিয়াছাতুল উমাম, পৃষ্ঠা:১৯১)

৩. আল্লামা খতীব শারবিয়ানী (রহঃ) এর ফতওয়া: (একনা'য়, খণ্ড:২, পৃষ্ঠা:৫১০)
৪. আল্লামা মাওয়ারিদী (রহঃ) এর ফতওয়া: (আল-ইনসাফ, খণ্ড:৪, পৃষ্ঠা:১১৭)
৫. ইমাম নববী (রহঃ) এর ফতওয়া: (আল-মাজমূ'য়, খণ্ড:১৯, পৃষ্ঠা:২৬৯; রওযাতুত তলেবীন, খণ্ড:৪ পৃষ্ঠা:১)

ফিকহে মালিকী:

১. আল্লামা ইবনে আব্দিল বার (রহঃ) এর ফতওয়া: (আল-কাফী ফী ফিকহে মদীনা, পৃষ্ঠা:৪৬৩)
২. ইমাম কুরতুবী (রহঃ) এর ফতওয়া: (তাফসীরে কুরতুবী, খণ্ড:৮, পৃষ্ঠা:১৫১)

ফিকহে হাম্বলী:

১. আল্লামা ইবনে তাইমিয়াহ (রহঃ) এর ফতওয়া: (আল ফাতাওয়াল কুবরা, খণ্ড:৪, পৃষ্ঠা:৬০৮)
২. ইমাম ইবনে কুদামা (রহঃ) এর ফতওয়া: (মুগনী; খণ্ড:৮, পৃষ্ঠা:৩৪৫)

উম্মাহর অন্যান্য ফুকাহাগণের মতামত:

১. শায়েখ হাসানুল বান্না শহীদ (রহঃ) এর ফতওয়া: (দেখুন: শায়েখের রিসালাহ: আল-জিহাদ)
২. ইবনে আতিয়্যা (রহঃ) এর ফতওয়া: (তাফসীরে ইবনে আতিয়্যা, খণ্ড:৮, পৃষ্ঠা:৩৪৬)

জাহেরী ফুকাহাগণের ফতওয়া:

আল্লামা ইবনে হাযম (রহঃ) এর ফতওয়া: (মুহাল্লা, খণ্ড:, পৃষ্ঠা:২৯২, ৩০০, ৩৫১]

সমকালীন আরব আলেমগণের ফতওয়া:

১. হামূদ বিন উকলা আশ-শু'আইবী (রহঃ) এর ফতওয়া: (দেখুনঃ http://www.tawhed.ws/r1?i=6126&x=3nh5yxxk)

২. শায়েখ সুলাইমান আল-উলওয়ান (দাঃ বাঃ) এর ফতওয়া: (শরহু কিতাবিস সিয়াম মিন সুনানিত তিরমিজী লিল-আলওয়ান-২১৯)

৩. শায়েখ সলেহ আল মুনাজ্জিদ (রহঃ) এর ফতওয়া: (দেখুনঃ www.islam-qa.com ফাতাওয়াল ইসলাম ওয়া সুয়াল জওয়াব, সুয়াল নাম্বার-৩৪৮৩০)

মুজাহিদীন আলেমগণের ফতওয়া:

১. শহীদে উম্মত আব্দুল্লাহ আয্‌যাম (রহঃ) এর ফতওয়া: (আদ-দিফা আন আরাদিয়াল মুসলিমীন আহাম্মু ফুরূজিল আ'ইয়ান)

২. শায়েখ শহীদ আবু ইয়াহইয়া আল-লিবী (রহঃ) এর ফতওয়া: (আল-জিহাদ ওয়া মা'রেকআতুস সুবহাত, পৃষ্ঠা:৩৫)

............ইত্যাদি।

বর্তমানে যে জিহাদ আমাদের সকলের উপর ফরযে আইন

প্রিয় ভাই!

দেফায়ী বা প্রতিরক্ষামূলক বা প্রতিরোধমূলক বা Defensive জিহাদের ক্ষেত্রে আর কারো ঘরে বসে থাকার উপায় থাকে না। সক্ষম সকল মুসলমানের উপর জিহাদ করা ফরযে আইন হয়ে যায়।

- **'নফীরে আম':**

এই পরিস্থিতিকে ফিক্হের ভাষায় 'নফীরে আম' বলা হয়। 'নাফীর' অর্থ 'যুদ্ধে বের হওয়া।' আর 'আম' অর্থ ব্যাপক। নফীরে আম দ্বারা উদ্দেশ্য এমন অবস্থা, যখন শত্রুকে প্রতিহত করতে ব্যাপকভাবে মুসলমানদের সকলের জিহাদে বের হওয়া প্রয়োজনীয় হয়ে পড়ে। এমতাবস্থায়, জিহাদের জন্য কারো কাছ থেকে অনুমতির প্রয়োজন নেই। সন্তানের জন্য পিতার কাছ থেকে, স্ত্রীর জন্য স্বামীর কাছ থেকে, ঋণগ্রহীতার জন্য ঋণদাতার কাছ থেকে, গোলাম তার মনিব থেকে, এমনকি 'নফীরে আম' অবস্থায় মুসলিম আমীরের অনুমতিরও দরকার নেই, জিহাদের জন্য বের হওয়ার ব্যাপারে তার কোনোরূপ নিষেধাজ্ঞাও মান্য করা যাবে না। কেননা এমতবস্থায় কোনোরূপ নিষেধাজ্ঞা আরোপ করা আল্লাহ্র হুকুমের খেলাফ, তাঁর নাফরমানীর শামিল। আর আল্লাহ্র নাফরমানী করে কারো আনুগত্য করার অনুমতি শরীয়তে নেই। পবিত্র হাদীসে রাসূলুল্লাহ্ ইরশাদ করেন-

لا طاعة لمخلوق في معصية الخالق - المصنف لابن أبي شيبة: ٣٤٤٠٦

"খালেকের নাফরমানী করে বান্দার আনুগত্য করা যাবে না।" (শরহুস্ সিয়ারিল কাবির: ২/৩৭৮)

আল্লাহ তা'আলা ইরশাদ করেন-

وَقَٰتِلُواْ فِي سَبِيلِ ٱللَّهِ ٱلَّذِينَ يُقَٰتِلُونَكُمۡ وَلَا تَعۡتَدُوٓاْۚ إِنَّ ٱللَّهَ لَا يُحِبُّ ٱلۡمُعۡتَدِينَ ١٩٠ وَٱقۡتُلُوهُمۡ حَيۡثُ ثَقِفۡتُمُوهُمۡ وَأَخۡرِجُوهُم مِّنۡ حَيۡثُ أَخۡرَجُوكُمۡۚ وَٱلۡفِتۡنَةُ أَشَدُّ مِنَ ٱلۡقَتۡلِۚ

"আর তোমরা আল্লাহর রাস্তায় যুদ্ধ কর তাদের সাথে, যারা লড়াই করে তোমাদের সাথে। অবশ্য কারো প্রতি বাড়াবাড়ি করো না। নিশ্চয়ই আল্লাহ সীমালঙ্গনকারীদেরকে পছন্দ করেন না। আর তাদেরকে হত্যা কর যেখানে পাও সেখানেই, আর তাদেরকে বের করে দাও সেখান থেকে যেখান থেকে তারা বের করে দিয়েছে তোমাদেরকে। বস্তুতঃ ফেতনা-ফাসাদ বা দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টি করা হত্যার চেয়েও কঠিন অপরাধ।" (০২ সূরা আল বাকারা: ১৯০-১৯১)

وَقَٰتِلُواْ ٱلۡمُشۡرِكِينَ كَآفَّةً كَمَا يُقَٰتِلُونَكُمۡ كَآفَّةًۚ

"আর মুশরিকদের সাথে তোমরা যুদ্ধ কর সমবেতভাবে, যেমন তারাও তোমাদের সাথে যুদ্ধ করে যাচ্ছে সমবেতভাবে।" (০৯সূরা আত্-তাওবাহ: ৩৬)

আল্লাহ তা'আলা আরো ইরশাদ করেন,

وَمَا لَكُمۡ لَا تُقَٰتِلُونَ فِي سَبِيلِ ٱللَّهِ وَٱلۡمُسۡتَضۡعَفِينَ مِنَ ٱلرِّجَالِ وَٱلنِّسَآءِ وَٱلۡوِلۡدَٰنِ ٱلَّذِينَ يَقُولُونَ رَبَّنَآ أَخۡرِجۡنَا مِنۡ هَٰذِهِ ٱلۡقَرۡيَةِ ٱلظَّالِمِ أَهۡلُهَا وَٱجۡعَل لَّنَا مِن لَّدُنكَ وَلِيّٗا وَٱجۡعَل لَّنَا مِن لَّدُنكَ نَصِيرًا ٧٥

"আর তোমাদের কি হলো যে, তোমরা আল্লাহর রাহে লড়াই করছ না দুর্বল সেই পুরুষ, নারী ও শিশুদের পক্ষে, যারা বলে, হে আমাদের পালনকর্তা! আমাদেরকে এই জনপদ থেকে নিষ্কৃতি দান কর; এখানকার

অধিবাসীরা যে যালেম, অত্যাচারী! আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য পক্ষালম্বনকারী নির্ধারণ করে দাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্যকারী নির্ধারণ করে দাও।" (৪ সূরা নিসা: ৭৫)

• উলামায়ে কেরামের ফাতওয়া:

✓(হানাফী) আল্লামা জাস্সাস (রহঃ) এর ফতওয়া:

ومعلوم في اعتقاد جميع المسلمين أنه إذا خاف أهل الثغور من العدو، ولم تكن فيهم مقاومة لهم فخافوا على بلادهم وأنفسهم وذراريهم أن الفرض على كافة الأمة أن ينفر إليهم من يكف عاديتهم عن المسلمين، وهذا لاخلاف فيه بين الأمة إذ ليس من قول أحد من المسلمين إباحة القعود عنهم حتى يستبيحوا دماء المسلمين و سبي ذراريهم (أحكام القرآن : ৪ /৩১২).

"সকল মুসলমানদের প্রসিদ্ধ আকীদা হলো, যখন সীমান্তবর্তী মুসলমানেরা শত্রুর আশংকা করবে, আর তাদের মাঝে শত্রু প্রতিরোধের ক্ষমতা বিদ্যমান না থাকবে, তারা নিজ পরিবার-পরিজন, দেশ ও জানের ব্যাপারে শংকাগ্রস্থ হবে, এমতাবস্থায় পুরো উম্মাহর উপর ফরজ হয়ে যায়, যে ব্যক্তিই শত্রুদের ক্ষতি থেকে মুসলমানদেরকে রক্ষা করতে সক্ষম সে জিহাদে বের হয়ে যাবে। এ ব্যাপারে উম্মাহর মাঝে কোনো দ্বিমত বিদ্যমান নেই। কেননা তাদেরকে সাহায্য না করে বসে থাকা বৈধ, এটা কোন মুসলমানের কথা হতে পারে না, যখন নাকি শত্রুরা মুসলমানদের রক্ত প্রবাহিত করছে ও তাদের পরিবার-পরিজনকে বন্দী করছে। (আহকামুল কুরআন, খন্ড:৪,পৃষ্ঠা:৩১২)

✓(হানাফী) আল্লামা ইবনে আবেদীন আশ-শামী (রহঃ) এর ফতওয়া:

وفرض عين إن هجم العدو على ثغر من ثغور الإسلام فيصير فرض عين على من قرب منه، فأما من وراءهم ببعد من العدو فهو فرض كفاية إذا لم يحتج إليهم، فإن احتيج إليهم بأن عجز من كان بقرب العدو عن المقاومة مع العدو أو لم يعجزوا عنها ولكنهم تكاسلواولم يجاهدوا فإنه يفترض على من يليهم فرض عين كالصلاة والصوم لا يسعهم تركه، وثم وثم إلى أن يفترض على جميع أهل الإسلام شرقا وغربا على هذا التدريج-- حاشية ابن عابدين (৩/২৩৮)

"যদি শত্রুরা মুসলমানদের কোনো সীমানায় আক্রমণ চালায়, তাহলে তার নিকটবর্তী যুদ্ধে সক্ষম মুসলমানদের উপর জিহাদ ফরজে আইন হয়ে যায়। যদি তাদের সাহায্যের প্রয়োজন না হয়, তাহলে আক্রান্ত এলাকা থেকে যারা দূরে অবস্থান করছে তাদের উপর জিহাদ ফরজে কেফায়া। তবে শত্রুর নিকটে যারা রয়েছে তারা যদি শত্রুকে প্রতিরোধ করতে অপারগ হয়, অথবা অপারগ না হয় কিন্তু অলসতাবশত জিহাদ ত্যাগ করে, তাহলে তাদের পার্শ্ববর্তীদের উপর নামাজ ও রোজার ন্যায় জিহাদ ফরজে আইন হয়ে যায়, যা ছেড়ে দেয়া বৈধ নয়। এভাবে ক্রমানুসারে পূর্ব পশ্চিমের সকল মুসলমানদের উপর জিহাদ ফরজে আইন হয়ে যায়। (হাশিয়ায়ে ইবনে আবেদীন, খন্ড:৩, পৃষ্ঠা:২৩৮)

✓(মালিকী) ইমাম কুরতুবী রাহিমাহুল্লাহ বর্ণনা করেন, "(হাম্বলী) ইবনে আতিয়্যাহ রাহিমাহুল্লাহ বলেন,

والذي استمر عليه الإجماع أن الجهاد على كل أمة محمد صلى الله عليه وسلم فرض كفاية، فإذا قام به من قام من المسلمين سقط عن الباقين،

إلا أن ينزل العدو بساحة الإسلام فهو حينءذ فرض عين. اهـ- تفسير ابن عطيه: ١/٢٨٩

"একথার উপর ইজমা চলে আসছে যে, উম্মতে মুহাম্মাদির প্রতিটি ব্যক্তির উপর জিহাদ ফরযে কিফায়া। যদি মুসলমানদের একাংশ তা আদায় করে, অন্যদের থেকে এর দায়িত্ব-ভার সরে যাবে। তবে শত্রু যদি কোনো ইসলামী ভূ-খন্ডে আগ্রাসন চালায়, তখন তা ফরযে আইন হয়ে যায়।" (তাফসীরে ইবনে আতিয়্যাহ ১/২৮৯; তাফসীরে কুরতুবী, খ. ৩, পৃ. ৩৮)

✓(হাম্বলী) শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যা রাহিমাহুল্লাহ বলেন,

وأما قتال الدفع فهو أشد أنواع دفع الصاءل عن الحرمة والدين واجب إجماعا، فالعدو الصاءل الذي يفسد الذين والدنيا لا شيء أوجب بعد الإيمان من دفعه ، فلا يشترط له شرط بل يدفع بحسب الإمكان، وقد نص على ذلك العلماء أصحابنا وغيرهم. اهـ- الفتوى الكبير ٤/٦٠٧

"দেফায়ী বা প্রতিরোধমূলক (Defensive) যুদ্ধ মুসলমানদের দ্বীন ও সম্মানের উপর আক্রমণকারীকে প্রতিরোধ করার সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তর, যা সর্বসম্মতিক্রমে ফরয (ফরযে আইন)। যে আগ্রাসী শক্তি মুসলমানদের দ্বীন-দুনিয়া ধ্বংস করে, ঈমানের পর তাকে প্রতিরোধের চেয়ে গুরুতর ফরয দ্বিতীয় আরেকটি নেই। এই ক্ষেত্রে কোনো শর্ত প্রযোজ্য নয়, বরং সামর্থ্য অনুযায়ী প্রতিরোধ করতে হবে। আমাদের ও অন্যান্য (মাযহাবের) ফুকাহায়ে কেরাম সকলেই তা সুস্পষ্টভাবে বর্ণনা করেছেন।" (ফাতাওয়া আল কুবরা, খ. ৪, পৃ. ৬০৮)

✓(শাফে'ঈ) আল্লামা রমালী রহ. বলেন,

فإن دخلوا بلدة لنا وصار بيننا وبينهم دون مسافة القصر فيلزم أهلها الدفع حتى من لا جهاد عليهم، من فقير وولد وعبد ومدين وامرأة

"যদি শত্রুরা আমাদের কোনো এলাকায় প্রবেশ করে, আর আমাদের মাঝে ও তাদের মাঝে সফরের দূরত্বের চেয়েও কম দূরত্ব থাকে, তাহলে ঐ দেশের অধিবাসীদের উপর প্রতিরোধ করা ফরজ হয়ে যায়। এমনকি ঐ ব্যক্তিদের উপরও ফরয হয়ে যায় যাদের উপর জিহাদ নেই। যেমন: দরিদ্র, নাবালেগ, গোলাম, ঋণগ্রহীতা, মহিলা।" (নেহায়েতুল মুহতাজ, খণ্ড:৮, পৃ. ৫৮)

✓ (হানাফী) "আর যখন জিহাদ ফরযে আইন হয়ে যাবে ....সন্তানের জন্য তার অভিভাবক থেকে, গোলাম তার মনিব থেকে, স্ত্রী তার স্বামী থেকে এবং ঋণগ্রহণকারী ঋণদাতা থেকে জিহাদের অনুমতির প্রয়োজন হয় না।" [ফাযায়েলে জিহাদ, সগীর বিন এমদাদ, পৃ. ৫১২; মাসায়েলে জিহাদ অধ্যায়, মাসআলা নং-৯]

✓ (হানাফী) মুফতী শফী রাহিমাহুল্লাহ বলেন, "এমনিভাবে আল্লাহ না করুন, কখনো যদি কাফেররা কোনো ইসলামী রাষ্ট্রে আক্রমণ করে এবং প্রতিরোধের জন্য নির্ধারিত বাহিনী তাদের প্রতিরোধে যথেষ্ট না হয়, তখন উক্ত ফরয তাদের অতিক্রম করে পার্শ্ববর্তী সকল মুসলমানের উপর আরোপিত হয়। তারাও যদি সক্ষম না হয়, তাহলে তাদের পার্শ্ববর্তীদের উপর এবং এভাবে ক্রমান্বয়ে সমগ্র বিশ্বের প্রত্যেক মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে যায়। তবে স্বাভাবিক অবস্থায় (যখন কুফ্ফারদের কোনো আগ্রাসন থাকে না, তখন) জিহাদ ফরযে কিফায়া।" (তাফসীরে মাআরেফুল কুরআন, খ. ৪, পৃ. ৩৩৫-৩৩৬, রদ্দুল মুহতার, খ.৩, পৃ. ২৩৮)

✓(শাইখুল জিহাদ) হযরত আব্দুল্লাহ্ আয্যাম রাহি. বলেন,

ففي هذه الحالة اتفق السلف والخلف والفقهاء المذاهب الأربعة والمحدثون والمفسرون في جميع العصور الإسلامية إطلاقا أن الجهاد

في هذه الحالة يصبح فرض عين على أهل هذه البلدة التي هاجمها الكفار وعلى من قرب منهم.....

"যদি কাফেররা মুসলিমদের ভূমিতে প্রবেশ করে তাহলে সলফে সালেহীনগণ, তাদের উত্তরসূরীগণ, চার মাযহাবের আলেমগণ (হানাফী, মালেকী, শাফেঈ, হাম্বলী), মুহাদ্দীসগণ এবং মুফাস্‌সীরগণ এবং ইসলামের ইতিহাসের সর্বকালের, সর্বমতের আলেমগণ একমত পোষণ করেছেন যে, এই অবস্থায় জিহাদ ফরযে আইন হয়ে যায়। ফরযে আইন ঐ সকল মুসলিমদের উপর যাদের ভূমি কাফেররা আক্রমন করেছে অথবা যারা আক্রান্ত মুসলিম ভূমির কাছাকাছি রয়েছে। এরূপ পরিস্থিতিতে জিহাদে ঝাঁপিয়ে পড়ার জন্য সন্তানকে তার পিতা-মাতার কাছ থেকে, স্ত্রীকে তার স্বামীর কাছ থেকে, দাসকে তার মনিবের কাছ থেকে এবং দেনাদারকে তার পাওনাদারের কাছ থেকে অনুমতি নেওয়ার প্রয়োজন হয় না। যদি ঐ আক্রান্ত অঞ্চলের মুসলিমরা সৈন্যের ঘাটতির কারণে অথবা অক্ষমতা কিংবা গাফলতির কারণে কাফেরদেরকে তাদের ভূমি হতে বিতাড়িত করতে না পারে তখন এই ফরযে আইনের হুকুমটি ঐ আক্রান্ত ভূমির নিকটবর্তী মুসলিমদের উপর বর্তাবে, যদি তারাও সক্ষম না হয় তাহলে তার নিকটবর্তী মুসলিমদের উপর প্রযোজ্য হবে। আর যদি তাদেরও গাফলতি অথবা জনশক্তির ঘাটতি থাকে তাহলে পরবর্তীতে তার পার্শ্ববর্তী এলাকার মুসলিমদের উপর এই হুকুমটি বর্তাতে থাকে; যতক্ষণ পর্যন্ত না এই ঘাটতি পূরণ হয় ততক্ষণ পর্যন্ত এটি চলতে থাকবে এবং এক পর্যায়ে এটি পুরো দুনিয়ার মুসলিমদের উপর ফরযে আইন হয়ে যাবে।" (আদ্দিফা' আ'ন আ'রাদিল মুসলিমীন, পৃ:২৭)

✓(হানাফী) আল্লামা ইবনু নুজাইম আল-মিসরী রহ. বলেন,

امرأة مسلمة سبيت بالمشرق وجب على أهل المغرب تخليصها من الاسر

